**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**দত্তক সম্পর্কে সচেতনতা মাসের শুরুতে, দত্তক সংক্রান্ত পরিষেবার জন্য গভর্নর হোকলের 4.7 মিলিয়ন ডলার ঘোষণা**

***দত্তক সম্পর্কে সচেতনতার মাসে এই তহবিল ঘোষণা করা হয়েছে; অনুষ্ঠানে ড্যারিল "DMC" ম্যাকড্যানিয়েল এবং স্টেট অপারেশনস ডিরেক্টর ক্যাথরিন গার্সিয়া উপস্থিত থাকবেন***

***শিশু ও পরিবারকে সহায়তা করার জন্য দত্তক গ্রহণ পরিষেবা সম্পর্কে সচেতনতা বাড়াতে নতুন সোশ্যাল মিডিয়া প্রচারাভিযান #BeTheChangeNY***

গভর্নর ক্যাথি হোকল আজ 4.7 মিলিয়ন ডলার ফেডারেল অর্থায়ন ঘোষণা করেছেন যাতে স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের (Office of Children and Family Services) মাধ্যমে পরিচালিত দত্তক-সম্পর্কিত বিভিন্ন ধরনের পরিষেবাকে সহায়তা করা যায়। এই তহবিলের ঘোষণা দত্তক সম্পর্কে সচেতনতা মাসের শুরুতে এসেছে এবং স্টেট অপারেশন্স ডিরেক্টর ক্যাথরিন গার্সিয়া ও কিংবদন্তী হিপ হপ গ্রুপ রান-DMC এর প্রতিষ্ঠাতা সদস্য ড্যারিল "DMC" ম্যাকড্যানিয়েলস অনুষ্ঠানে উপস্থিত থাকবেন - যাদের দুজনকেই শিশু হিসেবে দত্তক নেওয়া হয়েছিল এবং বর্তমানে তারা দত্তক নেওয়া এবং ফস্টার কেয়ারে থাকা শিশুদের জন্য শক্তিশালী সমর্থক।

"একটি স্নেহপূর্ণ, সহায়ক পরিবার একটি শিশুর জীবনে যে ইতিবাচক প্রভাব এবং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে তা বলাটা কোনো বাহুল্য নয়," **বলেছেন গভর্নর হোকল।** "ক্যাথরিন ও ড্যারিলের গল্প হাজারো গল্পের মধ্যে মাত্র দুইটি যা দত্তক চাওয়া শিশুদেরকে সাহায্য করতে নিউ ইয়র্ক স্টেট জুড়ে করা চমৎকার কাজকে তুলে ধরে৷ এই অর্থায়ন, আমাদের অব্যাহত বিনিয়োগের পাশাপাশি, আরো বেশি শিশুকে স্থিতিশীল, স্নেহপূর্ণ পরিবার এবং এমন একটি জায়গার সাথে একত্রিত করতে সাহায্য করবে যাকে তারা চিরকালের জন্য বাড়ি বলতে পারে।"

"প্রতিটি শিশুরই একটি স্থিতিশীল ও নিরাপদ বাড়ির পরিবেশ পাওয়ার অধিকার রয়েছে। কংগ্রেসের সাবেক সদস্য হিসেবে, আমি নিউ ইয়র্ক ও দেশ ব্যাপী শিশু ও পরিবারের অধিকারের জন্য লড়াই করেছি এবং লেফটেন্যান্ট গভর্নর হিসেবে আমি তা চালিয়ে যাচ্ছি," **বলেছেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টোনিও ডেলগাডো, তিনি আজ আলবানি ক্যাপিটাল**

**সেন্টারের অনুষ্ঠানে যোগ দেন।** "আমি এমন একটি প্রশাসনের অংশ হতে পেরে গর্বিত যেটি এমন কর্মসূচিতে বিনিয়োগ করছে যা শিশুদেরকে ফস্টার কেয়ারে সুরক্ষিত রাখে, দত্তক গ্রহণ ও অভিভাবকত্ব বৃদ্ধি করে এবং তাদের দত্তক যাত্রা শুরু হওয়ার সময় শিশু ও পরিবারের জন্য গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ, সহায়তা ও পরিষেবা সরবরাহ করে।"

এই শরতে, নিউ ইয়র্ক স্টেট 4.7 মিলিয়ন ডলারের দত্তক এবং অভিভাবকত্ব বিষয়ক ফেডারেল অনুদান বরাদ্দ পেয়েছে। OCFS এই তহবিল দত্তক নিতে ইচ্ছুক পরিবার নিযুক্তের জন্য, দত্তক নেওয়ার ক্ষেত্রে কেসওয়ার্ক উন্নত করতে প্রশিক্ষণ বা সম্মেলনের জন্য এবং দত্তক-সম্পর্কিত শিশু কল্যাণ পরিষেবার একটি বিস্তৃত পরিসরে ব্যবহার করবে, এর মধ্যে রয়েছে, তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়:

- **হার্ট গ্যালারি নিউ ইয়র্ক**, হার্ট গ্যালারি NYC-র সাথে সহযোগিতা, যা পাঁচটি গ্যালারি প্রতিষ্ঠা করেছে যেখানে স্থায়ী বাড়ির জন্য অপেক্ষমান ফস্টার কেয়ারের 57টি শিশুর ছবি তুলে ধরা হয়েছে। গ্যালারিগুলো নিউ ইয়র্কের অপেক্ষারত শিশুদের সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে, কমিউনিটিকে তাদের কল্যাণে সম্পৃক্ত করে এবং তাদের জন্য স্থায়ী বাড়ি নিশ্চিত করে।

- **অ্যাডপশন অ্যালবাম,** একটি পরিষেবা যা দত্তক নেওয়ার জন্য উন্মুক্ত শিশুদের একটি তালিকা সরবরাহ করে যা লিঙ্গ, বয়স এবং ভাইবোনের গ্রুপ দ্বারা সার্চ করা যায়। এই অ্যালবাম দত্তক গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে স্থানীয় ডিস্ট্রিক্টের নাম ও যোগাযোগের তথ্য সরবরাহ করে।

- **ওয়েন্ডি'স ওয়ান্ডারফুল কিডস**, একটি কর্মসূচি যা দত্তক নিতে ইচ্ছুক পরিবার নিযুক্তের জন্য স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে সহায়তা প্রদান করে। এই সহায়তার মধ্যে রয়েছে এই বিভাগগুলোকে ফস্টার কেয়ারে প্রায়শই উপেক্ষা করা হয় এমন শিশুদের জন্য স্থায়ী পরিবার খুঁজে বের করার জন্য নিবেদিত অ্যাডপশন স্পেশালিস্ট নিয়োগ করতে সাহায্য করা।

নিউ ইয়র্ক স্টেটের 16টি আঞ্চলিক পারমানেন্সি রিসোর্স সেন্টারের (Permanency Resource Centers) জন্য 5 মিলিয়ন ডলার বিনিয়োগের উপর ভিত্তি করে এই তহবিল তৈরি করা হয়েছে। এই সেন্টারগুলো দত্তক-পূর্ব ও দত্তক-পরবর্তী পরিষেবা এবং শিশু ও পরিবারের জন্য স্টেটব্যাপী সহায়তা উভয়ই সরবরাহ করে।

**নিউ ইয়র্কের স্টেট ডিরেক্টর অব অপারেশন্স ক্যাথরিন গার্সিয়া বলেন,** "ফস্টার কেয়ারে থাকা প্রায় 700 শিশু এখনও সক্রিয়ভাবে দত্তক পরিবারের জন্য অপেক্ষা করছে। যখন আমি আমার নিজের দত্তকের গল্প সম্পর্কে চিন্তা করি, তখন এটি স্পষ্ট যে প্রত্যেকেরই তাদের লালন-পালন এবং সহায়তার জন্য একটি চিরকালের পরিবার প্রয়োজন। চিরকালের জন্য বাড়ি খোঁজা শুরু হয় দত্তক সম্পর্কে শিক্ষা দিয়ে এবং দত্তক গ্রহণকারী পরিবারের কাছে একসাথে থাকার এবং সফল হওয়ার সরঞ্জাম রয়েছে তা নিশ্চিত করতে রিসোর্স সরবরাহ করার মাধ্যমে।"

এই অনুষ্ঠান স্টেটব্যাপী হাজার হাজার দত্তক গ্রহণকারী মা-বাবাকেও উদযাপন করেছে যারা এই আহ্বানে সাড়া দিয়েছেন এবং ভালোবাসার প্রতি আজীবন প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার জন্য এগিয়ে এসেছেন এবং ফস্টার কেয়ারের শিশুদের আলিঙ্গন করেছেন। নিউ ইয়র্ক স্টেটে 2017 সাল থেকে ফস্টার কেয়ারে থাকা 7,500 শিশুকে দত্তক নেওয়া হয়েছে।

দত্তক সম্পর্কে সচেতনতা মাসে সচেতনতা বৃদ্ধির জন্য, শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর #BeTheChangeNY প্রচারাভিযান চালু করছে। এই প্রচেষ্টার লক্ষ্য হলো নিউ ইয়র্কবাসীদের দত্তক নেওয়ার বিষয়ে নিজেদেরকে শিক্ষিত করতে উৎসাহিত করা এবং স্থায়ী বাড়ির অপেক্ষায় থাকা শিশুদের জন্য তাদের বাড়ি উন্মুক্ত করার বিষয়টি বিবেচনা করা।

**নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের কমিশনার শেইলা জে. পুলি বলেন**, "আমি সম্মানিত বোধ করছি যে নিউ ইয়র্কের স্টেট ডিরেক্টর অফ অপারেশনস ক্যাথরিন গার্সিয়া এবং আইকনিক সঙ্গীতশিল্পী ড্যারিল ম্যাকড্যানিয়েলস দত্তক নেওয়ার বিষয়ে তাদের বাস্তব অভিজ্ঞতা শেয়ার করেছেন। তাদের অনুপ্রেরণামূলক গল্প একটি রিমাইন্ডার হিসেবে কাজ করবে যে সকল শিশুর এমন একটি বাড়ি প্রাপ্য যেখানে তারা ভালবাসা, সম্মান ও প্রশংসা পেতে পারে। যেহেতু আমরা দত্তক সম্পর্কে সচেতনতা মাস পালন করছি, এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে প্রতিদিন কেউ না কেউ একটি শিশুর জীবনের পরিবর্তনকারী হওয়ার জন্য নিজেকে বেছে নিতে পারেন।"

নিউ ইয়র্কের বাসিন্দা ম্যাকড্যানিয়েলস 35 বছর বয়সে জানতে পারেন যে তাকে ফস্টার কেয়ারে রাখা হয়েছিল এবং পরে দত্তক নেওয়া হয়েছে। তিনি অলাভজনক ফেলিক্স অর্গানাইজেশন প্রতিষ্ঠা করেন, যা ফস্টার কেয়ারে শিশুদের জন্য শিক্ষাগত ও সমৃদ্ধির সুযোগ প্রদান করে এবং তার অব্যাহত প্রচেষ্টার জন্য দত্তক গ্রহণের ক্ষেত্রে কংগ্রেশনাল অ্যাঞ্জেলস ইন অ্যাডাপশন অ্যাওয়ার্ড লাভ করেন।

**রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিন্স বলেন,** "দত্তক ও অভিভাবকত্ব কর্মসূচি প্রতি বছর হাজার হাজার শিশুর জন্য একটি নিরাপদ ও স্থায়ী আবাস সরবরাহ করে। এই ফেডারেল বিনিয়োগ কেবল দত্তক গ্রহণের সাথে যুক্ত প্রশাসনিক প্রক্রিয়াকেই উন্নত করবে না, বরং দত্তক নেওয়া শিশুদের স্বাগত জানানোর জন্য আরো বেশি সংখ্যক পরিবারকে আরো ভালোভাবে প্রস্তুত করার জন্য রিসোর্স সরবরাহ করবে। এটি হাজার হাজার বাচ্চাদের জন্য একটি পার্থক্য তৈরি করবে যারা তাদের নতুন পরিবারের সাথে স্থায়ীভাবে বসবাসের জন্য অপেক্ষা করছে।"

**রিপ্রেজেন্টেটিভ জামাল বোম্যান বলেন,** "দত্তক গ্রহণ নিউ ইয়র্কের হাজার হাজার পরিবারকে একত্রিত হয়ে উঠতে সাহায্য করে এবং দত্তক-সম্পর্কিত পরিষেবার জন্য গভর্নর হোকলের বাড়তি অর্থায়ন অত্যন্ত প্রয়োজন এবং প্রশংসিত হয়েছে। দত্তক সম্পর্কে সচেতনতা মাসে এই ফেডারেল অর্থায়ন হওয়াটা উপযুক্ত হয়েছে। দত্তক নিতে ইচ্ছুক পরিবার এবং দত্তক নেওয়া দরকার এমন শিশুদের সাথে মিলিত হওয়া এখনও একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে, এবং দত্তক নেওয়া পরিবার নিযুক্তির ক্ষেত্রে এবং স্নেহপূর্ণ পরিবারের জন্য আরো সুযোগ তৈরির ক্ষেত্রে কিছু তহবিল ব্যয় করা হবে। সব শিশুই একটি স্নেহপূর্ণ ও সহায়ক বাড়িতে বেড়ে ওঠার

প্রত্যাশা করে। এটা তাদের কল্যাণের জন্য এবং আমাদের সমাজের বিকাশের জন্য অপরিহার্য। যারা এই গুরুত্বপূর্ণ কাজটি করছেন এবং এর প্রয়োজনীয় কার্যকারিতার জন্য সমর্থন করছেন - দত্তক প্রক্রিয়ার আগে, চলাকালীন সময়ে ও পরে, তাদের জন্য আমি অব্যাহতভাবে কৃতজ্ঞতা প্রকাশ করি।"

**ফেলিক্স সংস্থার (Felix Organization) প্রতিষ্ঠাতা ড্যারিল ম্যাকড্যানিয়েলস বলেন,** "আমি ভাগ্যবান যে আমাকে দত্তক নেওয়া হয়েছিল। এটি আমার যেখানে যাওয়ার কথা ছিল সেখানে আমাকে পৌঁছে দিয়েছে এবং আমার যা হওয়ার কথা ছিল তা হতে দিয়েছে। ফস্টার কেয়ারে থাকা সকল শিশুর চাহিদাগুলিকে সমর্থন করা, রক্ষা করা এবং সম্মান করা প্রত্যেকের দায়িত্ব, যাতে তারা তাদের পরিস্থিতি নির্বিশেষে উন্নতি করতে পারে এবং তাদের স্বপ্ন অর্জন করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর শিশু, পরিবার ও কমিউনিটির সুরক্ষা, স্থায়িত্ব ও কল্যাণ সম্পর্কে প্রচারণা চালানোর মাধ্যমে নিউ ইয়র্কের জনগণের সেবা করে। সংস্থাটি পারিবারিক সহায়তা, কিশোর-কিশোরীদের জন্য ন্যায়বিচার, যুব উন্নয়ন, শিশু পরিচর্যা এবং শিশু কল্যাণ পরিষেবার একটি সিস্টেম সরবরাহ করে এবং ফস্টার কেয়ার, দত্তক গ্রহণ ও দত্তক সহায়তা, শিশু সুরক্ষা পরিষেবা, শিশু ও পরিবারের জন্য প্রতিরোধমূলক পরিষেবা, গর্ভবতী কিশোরীদের জন্য পরিষেবা এবং ঝুঁকিগ্রস্ত প্রাপ্তবয়স্কদের জন্য প্রতিরক্ষামূলক কর্মসূচির সাথে সম্পৃক্ত কর্মসূচি ও পরিষেবার জন্য দায়িত্বরত। কিভাবে সাহায্য করা যায় অথবা দত্তক মা-বাবা হওয়া যায় সে সম্পর্কে আরো তথ্যের জন্য, 1-800-345-KIDS নম্বরে ফোন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418